দৈনিক বাংলা
17 OCT 1996
পৃষ্ঠা কলাম

# আজ এইচএসসি পরীক্ষার ফল প্রকাশ

ঢাকা, কুমিল্লা, চট্টগ্রাম ও যশোর শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত ১৯৯৬ সালের এইচএসসি পরীক্ষার ফলাফল আজ বৃহস্পতিবার বিকাল ৪-০০টায় একযোগে সংশ্লিষ্ট কেন্দ্র থেকে প্রকাশিত হবে। পরীক্ষার্থিগণ নিজ নিজ কেন্দ্র থেকে অথবা নিজস্ব কলেজ থেকেও তাদের ফলাফল জানতে পারবেন। সকল কেন্দ্রের অধ্যক্ষগণ বৃহস্পতিবার বিকাল ২-০০টার মধ্যে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের কাছ থেকে ফলাফল সংগ্রহ করবেন। খবর তথ্য বিবরণীর।

(৪-এর পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## আজ এইচএসসি

(প্রথম পৃষ্ঠার পর)

ঢাকা মহানগরীর বাইরে অবস্থিত যেসব কলেজে পরীক্ষা কেন্দ্র স্থাপিত হয়নি সেসব কলেজের অধ্যক্ষদেরকে সংশ্লিষ্ট কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট থেকে ঐ দিন বিকাল ২-০০টার মধ্যে নিজ নিজ কলেজের পরীক্ষার ফলাফল সংগ্রহ করার জন্য অনুরোধ করা হয়েছে। ঢাকা মহানগরীতে অবস্থিত সব কলেজের ফলাফল সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ অথবা তাঁর প্রতিনিধিকে ঢাকা জেলা প্রশাসকের নিকট থেকে ঐদিন বিকাল ২-০০ টার মধ্যে সংগ্রহ করার জন্য অনুরোধ করা হয়েছে। কোন কলেজের ফলাফল সংগ্রহ করতে কোন অসুবিধা হলে, যথাসময়ে ঐ কলেজের অধ্যক্ষকে সংশ্লিষ্ট জেলা প্রশাসক অথবা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রকগণের সঙ্গে যোগাযোগ করে নির্ধারিত সময়ে ফলাফল প্রকাশ করার ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হয়েছে।

এবারও বোর্ডে কোন ফলাফল টাঙ্গানো হবে না। জাতীয় দৈনিক পত্রিকায় শুধু মেধা তালিকা ও পরিসংখ্যান প্রকাশিত হবে এবং বাংলাদেশ টেলিভিশন ও রেডিও বাংলাদেশ শুধু মেধা তালিকা ও পরিসংখ্যান প্রচার করবে। কেন্দ্রওয়ারী পুরো রেজাল্টের দুই কপি প্রতিটি কেন্দ্রে এবং প্রতিটি জেলায় মেধা তালিকা ও পরিসংখ্যান পাঠানো হবে।

সংশ্লিষ্ট সকলকে ঐদিন বিকাল ৪-০০টার আগে কোন অবস্থাতেই পরীক্ষার ফলাফলের প্যাকেট না খোলার জন্য বিশেষভাবে অনুরোধ করা হয়েছে।